# ভাবছি একটা কবিতা লেখব

দেবজ্যোতি আচার্য

ভাবছি একটা কবিতা লেখব
ভাবছি জোনাকির আলোয় নিজেকে
মাতিয়ে তুলব।

কিন্তু কী যে করি !

কিছুই তো যেন হচ্ছে না !
কিছুই তো মিলছে না !

কবিতারা বারবার ছন্দ হারায়।
কলমের হাত ধরে,
কিছু হারানো শব্দ কুড়িয়ে পায়।

তাতেও না হলে ভাবছি
রবিঠাকুরের, মধুসূদনের দু-একটা
কবিতা পড়ে নেব।

ছন্দ না আসলেও হয়তো অনুভূতিরা
রেলিং ভেঙে ঠিক জানালায় কড়া
নাড়বে।
ভাবছি একটা কবিতা লেখব,
রজনীগন্ধায় আর শহুরে সন্ধ্যায়
নিজের সময় কাটাব।

**ভাবছি একটা দূরদেশে যাব**
**নানা দূরদেশ না ! নিজের ......**
**হ্যাঁ। নিজের শহরে ক্লান্তপ্রহরে**
**হারিয়ে যাব।**

**আসলে কিছুই ঠিক করতে পারছি না**
**একটু দ্বিধায় আছি হয়তো।**

হয়তো কবিতাখানা এখনো লেখা
হয়ে উঠলো না।

রবিঠাকুর আরও পড়তে হবে হয়তো,
তবে হাল ছাড়ব না
লেগে থাকব।

একদিন না একদিন আমার কবিতাখানা ঠিক
লেখা হয়ে যাবে।
তাইতো বলি। ভাবছি কবিতা লেখব।

**********